গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০৩৭.১৬-২৯২ তারিখঃ ১১-০৬-২০১৮

বিষয়ঃ "ফেরি ও পন্টুন নির্মাণ/পুনর্বাসন (২য় পর্যায়ে)-১ম সংশোধিত" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ০৪ জুন ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

১১/০৬/২০১৮

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা, ঢাকা
৮। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৯। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
১০। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১। যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
১২। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মেকানিক্যাল)/প্রকল্প পরিচালক, "ফেরী ও পন্টুন নির্মাণ/পুনর্বাসন (২য় পর্যায়)", সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সরঞ্জাম নিয়ন্ত্রণ ও সংগ্রহ সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৬। নির্বাহী প্রকৌশলী, সওজ, সংগ্রহ ও সংরক্ষণ বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, ফেরী নির্মান উপ-বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
◇ সিস্টেম এনালিষ্ট (বিআরটিসি)/ সিনিয়র প্রোগ্রামার (সওজ)
◇ প্রোগ্রামার (বিআরটিএ)
◇ সহকারী প্রোগ্রামার (ডিএমটিসিএল)
◇ সঃ মেঃ ইঞ্জিঃ (ডিটিসিএ/সওজ)
◇ নথি
ডাইরি নং- ১৪৭
তারিখঃ- ১২/০৬/১৮ স্বাক্ষর

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫-৬। অফিস কপি/মাস্টার কপি

www.rthd.gov.bd || date: 2018-06-12

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ ফেরি ও পল্টুন নির্মাণ/পুনর্বাসন (২য় পর্যায়ে) শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী

সভাপতিঃ	মোঃ নজরুল ইসলাম সচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখঃ	০৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ
সময়ঃ	বিকাল ৩.০০ ঘটিকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান বলেন যে, ফেরী ও পল্টুন নির্মাণ/পুনর্বাসন (২য় পর্যায়ে) শীর্ষক মূল প্রকল্পটি ৩৯৯৭০.৮০ লক্ষ টাকা (জিওবি) প্রাক্কলিত ব্যয় ১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৯-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। এ পর্যায়ে প্রকল্পটির ব্যয় ৯.৯৫% বৃদ্ধি করে ৪৩৯৪৯.৪৪ লক্ষ টাকা ব্যয়ে এবং মেয়াদকাল ১ বছর তথা ৩০-০৬-২০২০ পর্যন্ত বৃদ্ধি করে বাস্তবায়নের নিমিত্ত ১ম সংশোধনের প্রস্তাব করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধির বিষয়ে সওজ অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে, প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট বিভিন্ন যন্ত্রপাতি,ধাতব কাঠামো, এমএস প্লেট, এঙ্গেল, বার ইত্যাদির মূল্যবৃদ্ধির কারণে মূল অনুমোদিত প্রকল্প ব্যয় ৩৯৯৮০.০০ লক্ষ টাকা হতে ৯.৯৫% বৃদ্ধি করে সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৪৩৯৪৯.৪৪ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে। তিনি আরো বলেন যে, মূল ডিপিপি'র প্রাক্কলন প্রস্তুত করা হয়েছিল ২০১৬ সালে। সে সময়ের তুলনায় বর্তমানের ডলার, ষ্টীল মেটেরিয়াল, রং, শ্রমিকের মুজুরী, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদির মূল্য বৃদ্ধির কারণে পর পর দুইবার দরপত্র আহ্বান করা সত্ত্বেও কোন দরপত্র দাখিল হয়নি। এ প্রক্ষিতে প্রকল্পের ব্যয় ৩৯৭৮.৬৪ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। সভায় আইএমইডি'র প্রতিনিধি মন্তব্য করেন যে, আরডিপিপি'তে প্রকল্প সংশোধন/ব্যয় বৃদ্ধির বিষয়ে অধিকতর বিস্তারিত রূপে উল্লেখ করা যুক্তিযুক্ত।

৩.২ প্রকল্পের ব্যয় বিষয়ক বিস্তারিত আলোচনায় নতুন ফেরীসমূহের রেজিস্ট্রেশন ফি বাবদ প্রয়োজনীয় অর্থের বিষয়ে জানতে চাওয়া হলে, সওজ অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে প্রয়োজনীয় অর্থের হিসাব করা হয়েছে। এ সংক্রান্ত তথ্যাদি আরডিপিপি'তে সংযোজন করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৩.৩ সভায় প্রকল্পের ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত প্যাকেজ এবং প্যাকেজসমূহের অন্তর্গত লটের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাকে অবহিত করা হয যে, ক্রয় পরিকল্পনায় ৬টি প্যাকেজের আওতায় ১৮টি লট বিদ্যমান। এত অধিকসংখ্যক প্যাকেজ এবং লট কেন, সভাপতির এই প্রশ্নে সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, প্রকল্পের বাস্তবায়ন স্থানের ব্যাপক বিস্তৃতির কারণে স্বল্প সংখ্যক প্যাকেজ প্রকল্প বাস্তবায়ন দুরূহ, তৎপ্রেক্ষিতে প্যাকেজ এবং লটের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। সভা এ ক্ষেত্রে মতৈক্যে পৌছায় যে, ফেরী, পল্টুন নির্মাণের ডকইয়ার্ড সংক্রান্ত কার্যক্রম এবং টেন্ডার কার্যক্রমের সফল এবং দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে জয়েন্ট ভেঞ্চার ভিত্তিতে সম্পাদন করার সুযোগ রাখা যেতে পারে। উপরন্তু, সভাপতি আরডিপিপি'তে প্রকল্পের ক্রয় পরিকল্পনায় লটভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক প্যাকেজভিত্তিক ব্যয় উপমোট হিসেবে উল্লেখ করার উপরে গুরুত্বারোপ করেন।

৩.৪ ভবিষ্যতে কোন প্রকল্পে প্রস্তাবিত ফেরী পল্টুনের স্থানে যানবাহন পারাপারের জন্য সেতু নির্মিত হলে ফেরী পল্টুনসমূহ অর্থনৈতিকভাবে লাভজনক বিকল্প কোন কর্মকান্ডে অন্তর্ভুক্ত করা সমীচীন-এ বিষয়ে সভা মতৈক্যে পৌছায়।

৩.৫ পরিপত্রে উল্লিখিত ছক অনুযায়ী এ প্রকল্পের পিআইসি এবং পিএসসি গঠন করার বিষয়ে সভা সিদ্ধান্তে উপনীত হয়।

www.rthd.gov.bd || date: 2018-06-12

৩.৬ পরিকল্পনা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুযায়ী প্রস্তাবিত সংশোধনের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় উল্লেখ করা হয় যে, কোন প্রকার নতুন অঙ্গ সংযোজন করা হয়নি বা কোন অঙ্গ বাদ দেয়া হয়নি যাতে প্রকল্পের উদ্দেশ্য পরিবর্তন ঘটতে পারে। অর্থাৎ মূল অনুমোদিত অঙ্গ ও উপ-অঙ্গ অপরিবর্তীত রয়েছে। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি'তে মোট ব্যয় বৃদ্ধি ৯.৯৫%, যা ৪০ কোটি টাকার মধ্যে সীমিত এবং মেয়াদ বৃদ্ধি ১বার ও ১বছরের বেশী নয়। সুতরাং এ সংশোধিত ডিপিপি ডিপিইসি সভার সুপারিশক্রমে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদনযোগ্য। উপরিউক্ত অনুচ্ছেদসমূহের আলোচনা অনুযায়ী ডিপিইসি সভার সুপারিশের প্রেক্ষিতে পুনর্গঠিত ডিপিপি মাননীয় মন্ত্রী'র নিকট উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণের পরামর্শ দেয়া হয়।

৪ সিদ্ধান্তঃ

৪.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি এবং সংশোধনের কারণ অধিকতর বিস্তারিতরূপে উল্লেখ করতে হবে।

৪.২ নতুন ফেরীসমূহের রেজিস্ট্রেশন ফি সংক্রান্ত ব্যয়ের বিস্তারিত হিসাব ডিপিপি'তে সংযুক্ত করতে হবে।

৪.৩ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত ধাতব যন্ত্রাংশসমূহ, স্টীল ওয়ার্কস, এমএস প্লেট, এঙ্গেল, বার ইত্যাদি সর্বশেষ বাজারমূল্যের ভিত্তিতে প্রাক্কলন করতে হবে।

৪.৪ আরডিপিপি'তে ক্রয় পরিকল্পনায় লটভিত্তিক ব্যয় উল্লেখ করতে হবে এবং প্রতিটি প্যাকেজের আওতায় লটসমূহের মোট ব্যয় উপমোট হিসেবে উল্লেখ করতে হবে। ক্রয় প্রক্রিয়ায় জয়েন্ট ভেঞ্চার এর সংস্থান রাখতে হবে।

৪.৫ পরিকল্পনা বিভাগ থেকে জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুযায়ী প্রকল্পের পিআইসি এবং পিএসসি গঠনপূর্বক সভা রআহবানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪.৬ প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি'তে মোট ব্যয় বৃদ্ধি ৯.৯৫%, যা ৪০ কোটি টাকার মধ্যে সীমিত এবং মেয়াদ বৃদ্ধি ১বার ও ১বছরের বেশী নয় বিধায় সংশোধিত ডিপিপি সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদনের সুপারিশ করা হল।

৪.৭ ডিপিইসি সভার সুপারিশ অনুযায়ী উপরিউক্ত অনুচ্ছেদ ৪.১ হতে ৪.৬ এর আলোকে পুনর্গঠিত ডিপিপি সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

৫. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

www.rthd.gov.bd || date: 2018-06-12